মুজিব শতবর্ষ MUJIB 100

# বন অধিদপ্তরের উদ্ভাবন ও সেবা পদ্ধতি সহজিকরণ
## ২০২০ - ২১



ইনোভেশন টিম

**বন অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

## বন অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবন ও সেবা সহজীকরণ পুস্তিকা

**প্রকাশনায় ঃ**
ইনোভেশন টিম
বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**প্রধান পৃষ্ঠপোষক ঃ**
মোঃ আমীর হোসাইন চৌধুরী
প্রধান বন সংরক্ষক

**প্রকাশকাল ঃ** জুন ২০২১

বন অধিদপ্তর
বন ভবন
প্লট নং ই৮ বি২, আগারগাও
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.bforest.gov.bd

## Booklet of Innovation and Service Process Simplification 2020-21 of Bangladesh Forest Department

**Published by :**
Innovation Team
Bangladesh Forest Department
Ministry of Environment, Forest and Climate Change

**Chief Advisor :**
Md. Amir Hossain Chowdhury
Chief Conservator of Forests

**Published in :** June 2021

Forest Department
Bon Bhaban
Plot # E8B2, Agargaon
Sher-e-Bangla Nagar, Dhaka-1207
www.bforest.gov.bd

# বন অধিদপ্তর

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

# উদ্ভাবন ও সেবা পদ্ধতি সহজিকরণ ২০২০-২১

## ১ উদ্ভাবনী উদ্যোগ

সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ ও সুশাসন সুসংহতকরণে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পৃথিবীর অনেক দেশেই সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উদ্ভাবন কর্ম পরিকল্পনার উদ্দেশ্য হলো সরকারি দপ্তরে উদ্ভাবনী কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মাতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ এবং এ লক্ষ্যে দায়বদ্ধতা সৃষ্টি।

বন অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে উদ্ভাবন পরিকল্পনা এর আওতায় ২০১৬-২০১৭ সাল থেকে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে আসছে। ২০১৬-২০১৭ আর্থিক সালে করাতকলের লাইসেন্স নবায়ন, সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের লভ্যাংশ বিতরণ সহজীকরণ এবং ওয়েব ভিত্তিক বনভূমি/কভারেজ তথ্যাদি জানা সেবা সহজীকরণ কার্যক্রম পাইলট আকারে (টাংগাইল এর বাঁশতৈল রেঞ্জে) শুরু হয়। এছাড়াও উদ্ভাবনী উদ্যোগ হিসাবে বঙ্গবন্ধু সাফারী পার্কে ই-টিকেটিং চালুকরণ এবং সাধারণ জনগণের ব্যবহার উপযোগী স্থান ভিত্তিক প্রজাতি নির্বাচন ও বৃক্ষরোপণের প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত মোবাইল এ্যাপ চালু করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ হিসাবে "ভাওয়াল জাতীয় উদ্যানের রেস্ট হাউজ সমূহের অনলাইনে বুকিং" এ্যাপস তৈরি এবং নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে সুন্দরবন পূর্ব ও সুন্দরবন পশ্চিম বন বিভাগে বিভাগীয় বন কর্মকর্তাদ্বয় কর্তৃক সুন্দরবনের ভেতর অপ্রধান বনজদ্রব্য আহরণের জন্য বোট লাইসেন্স সার্টিফিকেট (বিএলসি) প্রদান সহজীকরণ করা হয়েছে। চলতি অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ হিসাবে "সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের লভ্যাংশ বিতরণের নিমিত্ত তথ্যসম্বলিত ডিজিটাল ডাটাবেজ তৈরিকরণ", নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে হরিণ ও হাতি লালন পালন লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তি সহজিকরণ করা হয়েছে।

## ২ সেবার তালিকা

**বন অধিদপ্তর, বাংলাদেশ কর্তৃক জনসাধারণকে নিম্ন বর্নিত সেবা প্রদান করা হয়ে থাকে ঃ**

(১) সামাজিক বনায়নের সৃজিত বাগানের আবর্তকাল শেষে বিক্রয়ের অনুমতি প্রদান ;

(২) বিক্রিত বনজ দ্রব্যের চলাচল পাস প্রদান ;

(৩) সামাজিক বনায়নে অংশগ্রহণকারী, উপকারভোগী, ভূমি মালিক এবং চুক্তি অনুযায়ী অন্যান্যদের মাঝে যথাসময়ে লভ্যাংশ বিতরণ ;

(৪) সামাজিক বনায়ন সংক্রান্ত যে কোন অভিযোগ নিষ্পত্তি করা ;

(৫) জোত পারমিট প্রদান করা ;

(৬) কাঠের পারমিট প্রদান করা ;

(৭) মাছ, কাকঁড়া, ঝিনুক, গোলপাতা, গড়ান, মধু ও অন্যান্য পারমিট প্রদান করা ;

(৮) বনজদ্রব্য বিক্রয় ;

(৯) আম মহাল, জল মহাল, বাঁশ মহাল ইত্যাদির ইজারা প্রদান ;

(১০) বোট্যানিক্যাল গার্ডেন ও অন্যান্য স্থাপনার গেট ইজারা প্রদান করা ;

(১১) বনাঞ্চলের বিশ্রামাগার বরাদ্দ প্রদান করা ;

(১২) সংরক্ষিত বনাঞ্চলে গবেষণার জন্য অনুমতি প্রদান করা ;

(১৩) সংরক্ষিত বনাঞ্চলে ডকুমেন্টারি ফিল্ম তৈরির অনুমতি প্রদান ;

(১৪) সংরক্ষিত বনাঞ্চলে ইকোট্যুরিজম এর জন্য পর্যটকদের অনুমতি প্রদান ;

(১৫) বন্যপ্রাণী (হরিণ) লালন-পালনের জন্য পজেশন সার্টিফিকেট প্রদান ;

(১৬) বন্যপ্রাণী (কাকঁড়া) রপ্তানীর জন্য এনওসি প্রদান ;

(১৭) বেসরকারি উদ্যোগে বন্যপ্রাণীর খামার স্থাপন ;

(১৮) CITES পারমিট প্রদান ;

(১৯) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের জন্য বনজদ্রব্য সরবরাহ এবং

(২০) সামাজিক বনায়ন সংক্রান্ত যে কোন পরামর্শ প্রদান।

## ৩ সেবা প্রোফাইল

### (ক) বিদ্যমান সহজীকরণ সেবার নাম ঃ

হরিণ ও হাতি লালন পালন লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তি সহজীকরণ কার্যক্রম।

### (খ) সেবাটি সহজীকরণের যৌক্তিকতা ঃ

বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা এবং এর অধীনস্ত বিভাগসমূহ থেকে হরিণ ও হাতি লালন পালনের লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়ে থাকে। এই লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদনকারীর আবেদনপত্র গ্রহণ ও জমাদানের জন্য সংশ্লিষ্ট অফিসে বারবার উপস্থিত হওয়া এবং একাধিক ধাপের ভোগান্তির জন্য দীর্ঘসূত্রিতার

সৃষ্টি হয়। এছাড়া অসম্পূর্ণ আবেদনপত্র জমার কারণে সেবা প্রদান কর্মসূচি ব্যহত হয়। সেবাটি সহজীকরণের উদ্দেশ্যে হরিণ ও হাতি লালন পালনে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট সফটওয়ার ডেভেলপ করে বন বিভাগের ওয়েব-সাইটে সংযুক্ত করা হলে বন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে না এসে আবেদনকারী তার নিজ অবস্থান থেকে আবেদনপত্র সংগ্রহ, বিস্তারিত নিয়মাবলী জানা এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে পারবেন। লাইসেন্স প্রদানের ক্ষমতা কেন্দ্রীয় পর্যায় থেকে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে বিকেন্দ্রীকরণের ফলে জনগণের লাইসেন্স প্রাপ্তি সহজতর হবে। কেন্দ্রীয় পর্যায় থেকে লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে অনেকগুলি ধাপ অতিক্রম করার ফলে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। লাইসেন্স প্রদানের ক্ষমতা কেন্দ্রীয় পর্যায় থেকে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে বিকেন্দ্রীকরণের ফলে ধাপ কমে যাওয়ায় আবেদনকারী স্বল্প সময়ে লাইসেন্স পাবে।


## (গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদি

| | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ১ | সেবা প্রদানকারী অফিস | বন সংরক্ষকের কার্যালয়, ঢাকা। |
| ২ | সেবার সংক্ষিপ্ত বিবরণ | হরিণ ও হাতি লালন পালনে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রাপ্তি |
| ৩ | বার্ষিক সেবা গ্রহণকারীর সংখ্যা | ৫০০ জন |
| ৪ | সেবাপ্রাপ্তির শর্তাবলী | আবেদনকারী আবেদনপত্র সংগ্রহ করে বিস্তারিত নিয়মাবলি জেনে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করবেন। |
| ৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী | বন সংরক্ষক, উপ-বন সংরক্ষক, বিভাগীয় বন কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক, পরিদর্শন কর্মকর্তা ও অফিস সহকারী |
| ৬ | সেবা প্রাপ্তির সময় | ১১৫ কর্মদিবস |
| ৭ | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | ট্রেজারী চালান, ভূমি মালিকানার কাগজ, জাতীয় পরিচয় পত্র, ছবি, হরিণ ও হাতি প্রাপ্তির উৎসসহ আবেদন ফরম পূরণ |
| ৮ | সেবা প্রাপ্তির জন্য খরচ | ২৭,০০০ (১৫,০০০+১২,০০০) টাকা |
| ৯ | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | ৩ বার |
| ১০ | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালার তালিকা | হরিণ ও হাতি লালন পালন বিধিমালা, ২০১৭ |

(ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | আবেদনকারীর ফরম সংগ্রহ | ৩ দিন | আবেদনকারী |
| ধাপ-২ | ট্রেজারী চালান, ভূমি-মালিকানার কাগজ, হাতি ও হরিণ প্রাপ্তির উৎসসহ আবেদন ফরম পূরণ | ৭ দিন | আবেদনকারী |
| ধাপ-৩ | আবেদনপত্র দাখিল | ২ দিন | আবেদনকারী |
| ধাপ-৪ | আবেদনপত্র গ্রহণ ও ডকেট | ২ দিন | বন সংরক্ষক ও অফিস সহকারী |
| ধাপ-৫ | ফাইলে উপস্থাপন | ৩ দিন | অফিস সহকারী |
| ধাপ-৬ | আবেদন যাচাই বাছাই করে মতামত প্রদান | ৪ দিন | উপ-বন সংরক্ষক এবং সহকারী বন সংরক্ষক |
| ধাপ-৭ | মতামতের ভিত্তিতে পরিদর্শনের সিদ্ধান্ত প্রদান | ৩ দিন | বন সংরক্ষক |
| ধাপ-৮ | পরিদর্শন কর্মকর্তা নিয়োগ | ৩ দিন | বন সংরক্ষক ও অফিস সহকারী |
| ধাপ-৯ | সরেজমিনে পরিদর্শন | ৩০ দিন | পরিদর্শন কর্মকর্তা |
| ধাপ-১০ | প্রতিবেদন প্রস্তুত ও মাঠ পর্যায় থেকে প্রতিবেদন প্রেরণ | ২০ দিন | বিভাগীয় বন কর্মকর্তা, পরিদর্শন কর্মকর্তা ও অফিস সহকারী |
| ধাপ-১১ | প্রতিবেদন ডকেট | ২ দিন | অফিস সহকারী |
| ধাপ-১২ | প্রতিবেদন নথিতে উপস্থাপন | ৩ দিন | অফিস সহকারী |
| ধাপ-১৩ | নথিতে মতামত প্রদান | ৩ দিন | উপ-বন সংরক্ষক এবং সহকারী বন সংরক্ষক |
| ধাপ-১৪ | সিদ্ধান্ত প্রদান | ২ দিন | বন সংরক্ষক |
| ধাপ-১৫ | আবেদনকারীকে সিদ্ধান্ত অবহিতকরণ | ৭ দিন | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ধাপ-১৬ | সরকারি ফি বা চালান জমা | ৭ দিন | আবেদনকারী |
| ধাপ-১৭ | চালানপত্র, প্রতিবেদনসহ নথি উপস্থাপন | ৩ দিন | অফিস সহকারী |
| ধাপ-১৮ | যাচাই বাছাই করে লাইসেন্স প্রদানের জন্য মতামত প্রদান | ৪ দিন | উপ-বন সংরক্ষক এবং সহকারী বন সংরক্ষক |
| ধাপ-১৯ | লাইসেন্স প্রদান ও রেজিস্টারে এন্ট্রি | ৭ দিন | বন সংরক্ষক |

## (ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ





## (চ) প্রস্তাবিত সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | অনলাইনে আবেদনপত্র সংগ্রহ ও পূরণকৃত আবেদনপত্র ট্রেজারী চালান. ভূমি-মালিকানার কাগজ, হাতি ও হরিণ প্রাপ্তির উৎসসহ অন-লাইনে দাখিল | ৫ দিন | আবেদনকারী |
| ধাপ-২ | স্ব স্ব বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে অন-লাইন থেকে আবেনপত্র সংগ্রহ ও উপস্থাপন | ২ দিন | বিভাগীয় বন কর্মকর্তা ও অফিস সহকারী |
| ধাপ-৩ | প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ ও পরিদর্শন কর্মকর্তা নিয়োগ | ২ দিন | বিভাগীয় বন কর্মকর্তা |
| ধাপ-৪ | সরেজমিনে পরিদর্শন | ৫ দিন | পরিদর্শন কর্মকর্তা |

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-৫ | প্রতিবেদন প্রস্তুত ও দাখিল | ৭ দিন | পরিদর্শন কর্মকর্তা |
| ধাপ-৬ | প্রতিবেদন ডকেট ও নথিতে উপস্থাপন | ২ দিন | বিভাগীয় বন কর্মকর্তা, সংশ্লিষ্ট কর্মকর্তা ও অফিস সহকারী |
| ধাপ-৭ | সিদ্ধান্ত প্রদান ও আবেদনকারীকে অবহিতকরণ | ২দিন | বিভাগীয় বন কর্মকর্তা, সংশ্লিষ্ট কর্মকর্তা ও অফিস সহকারী |
| ধাপ-৮ | সরকারি ফি বা চালান জমা | ২ দিন | আবেদনকারী |
| ধাপ-৯ | লাইসেন্স প্রদান ও রেজিস্টারে এন্ট্রি | ৩ দিন | বিভাগীয় বন কর্মকর্তা ও অফিস সহকারী |


## (ছ) প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ



## (জ) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১১৫ কর্মদিবস | ৩০ কর্মদিবস |
| খরচ (নাগরিক ও অফিসের) | ২৭,০০০(১৫,০০০+১২,০০০) টাকা | ১৩,০০০ (১,০০০+১২,০০০) টাকা |
| যাতায়াত | ৩ বার | - |
| ধাপ | ১৯ | ৯ |
| জনবল | ৬ জন | ৫ জন |
| দাখিলীয় কাগজপত্র | ট্রেজারী চালান, ভূমি মালিকানার কাগজ,জাতীয় সনদ পত্র, ছবি, হরিণ ও হাতি প্রাপ্তির উৎসসহ আবেদন ফরম পূরণ | ট্রেজারী চালান, ভূমি মালিকানার কাগজ, জাতীয় সনদ পত্র, ছবি, হরিণ ও হাতি প্রাপ্তির উৎসসহ আবেদন ফরম পূরণ |
| সেবা প্রাপ্তির স্থান | বন সংরক্ষকের কার্যালয়, ঢাকা। | সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় |

## (ঝ) লেখচিত্র ঃ




## (ঞ) বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ১। | সশরীরে দপ্তরে এসে আবেদন পত্র সংগ্রহ ও দাখিল। | হরিণ ও হাতি লালন পালনে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট সফটওয়ার ডেভেলপ করে বন বিভাগের ওয়েব-সাইটে সংযুক্ত করা। বন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে না এসে আবেদনকারী তার নিজ অবস্থান থেকে আবেদনপত্র সংগ্রহ, বিস্তারিত নিয়মাবলী জানা এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে পারবেন। |

| ক্ষেত্র | সমস্যার বর্ণনা | সমাধানের প্রস্তাবনা |
|---|---|---|
| ২। | কেন্দ্রীয় পর্যায় থেকে সিদ্ধান্ত গ্রহণ ও লাইসেন্স প্রদান। | লাইসেন্স প্রদানের ক্ষমতা কেন্দ্রীয় পর্যায় থেকে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে বিকেন্দ্রীকরণের ফলে জনগণের লাইসেন্স প্রাপ্তি সহজতর হবে। |
| ৩। | লাইসেন্স প্রাপ্তির দীর্ঘসূত্রিতা। | কেন্দ্রীয় পর্যায় থেকে লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে অনেকগুলি ধাপ অতিক্রম করার ফলে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। লাইসেন্স প্রদানের ক্ষমতা কেন্দ্রীয় পর্যায় থেকে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে বিকেন্দ্রীকরণের ফলে ধাপ কমে যাওয়ায় আবেদনকারী স্বল্প সময়ে লাইসেন্স পাবে। |

## ৪ সেবা সহজীকরণের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা

### (ক) শিরোনাম ঃ

**সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের ডিজিটাল ডাটাবেজ তৈরি**

### (খ) সহজীকরণের যৌক্তিকতা ঃ


সামাজিক বনায়ন একটি সফল কর্মসূচি। এতে গ্রাম বাংলার লক্ষ লক্ষ দরিদ্র নারীসহ সাধারণ মানুষ এ কর্মসূচিতে অংশগ্রহণ করে। এ যাবৎ ৭ লক্ষ ১০ হাজার জন উপকারভোগীকে সম্পৃক্ত করা হয়েছে। সামাজিক বনায়নে সম্পৃক্ত জনগণকে লাভের একটা অংশ প্রদান করা হচ্ছে। সামাজিক বনায়নে সৃজিত গাছের লভ্যাংশ প্রাপ্তিতে উপকারভোগীদের নানা ভোগান্তিতে পড়তে হয়। উপকারভোগী নির্বাচনের সময় প্রয়োজনীয় কাগজপত্রসহ স্বাক্ষরিত চুক্তিনামা ফাইলজাত করা হয়। কিন্তু দীর্ঘ ১০-১৫ বছর পর তাদের লভ্যাংশ বিতরণের সময় প্রয়োজনীয় কাগজপত্র পাওয়া যায় না। তখন আবারও উপকারভোগীর কাছ থেকে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে হয়। সুতরাং এ কার্যক্রমটি বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। তাদের এ ভোগান্তি দূর করতে তৈরি হচ্ছে ডিজিটাল ডাটাবেজ। এর মাধ্যমে এ সমস্যা থেকে উত্তরণ এবং সেবাটি সেবাগ্রহিতার দ্বারপ্রান্তে সহজে পৌঁছে দেবার জন্য উপকারভোগী নির্বাচনের সময় সংশ্লিষ্ট কাগজপত্র এবং চুক্তিনামা দিয়ে একটি ডিজিটাল ডাটাবেজ তৈরি বিষয়ে উদ্ভাবনী ধারণা/উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডাটাবেজ অনুযায়ী লভ্যাংশ প্রাপ্তির সময় মেসেজটি উপকারভোগীকে মোবাইল এ্যাপ এর মাধ্যমে জানানো হবে এবং প্রদেয় টাকা অনলাইন এর মাধ্যমে উপকারভোগীর ব্যাংক একাউন্টে জমা হবে। ইতোপুর্বে সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীগণকে ক্রমান্বয়ে ডাটাবেজে অন্তর্ভূক্ত করা হবে। উদ্ভাবনী পন্থায় স্বল্প সময়ে ভোগান্তি ব্যতিরেকে জনগণকে আর্থিক সুবিধা প্রদান করা সম্ভব হবে যা তাদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## (গ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | যাতায়াত | খরচ (টাকা) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|---|---|
| ধাপ-১ | উপকারভোগী নির্বাচনের জন্য প্রাক সভা | ৯ দিন | ২ বার | ২০০ (জনপ্রতি) | উপকারভোগী, উপজেলা বন কর্মকর্তা, স্থানীয় প্রতিনিধি |
| ধাপ-২ | উপকারভোগী কর্তৃক তথ্যাদি প্রেরণ | ৩০ দিন | ৩ বার | ৫০০ (জনপ্রতি) | উপকারভোগী |
| ধাপ-৩ | উপকারভোগীর তালিকা প্রস্তুত | ১৫ দিন | | | উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-৪ | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে উপস্থাপনের প্রস্তুতি | ৭ দিন | | | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-৫ | সভায় অনুমোদন এবং কার্যবিবরণী প্রণয়ন | ৭ দিন | | | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-৬ | বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে চুক্তিনামা প্রণয়নপূর্বক কার্যবিবরণী প্রেরণ | ১৫ দিন | | | উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-৭ | বিভাগীয় বন কর্মকর্তার সাথে অনুমোদিত তালিকা অনুযায়ী চুক্তি স্বাক্ষর | ২ দিন | ২ বার | ১০০০ (জনপ্রতি) | বিভাগীয় বন কর্মকর্তা ও উপকারভোগী |
| ধাপ-৮ | আবর্তকাল শেষে গাছ কর্তনের প্রস্তুতি | ২ দিন | | | বিভাগীয় বন কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-৯ | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে অনুমোদন | ৭ দিন | | | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-১০ | জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে অনুমোদন | ৭ দিন | | | জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-১১ | উপকারভোগীদের সভা আহবান | ৯ দিন | ৯ বার | ৫০০ (জনপ্রতি) | উপকারভোগী ও উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-১২ | গাছ মার্কিং | ১৫ দিন | ২ বার | ১০০০ (জনপ্রতি) | উপকারভোগী ও উপজেলা বন কর্মকর্তা |

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | যাতায়াত | খরচ (টাকা) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|---|---|
| ধাপ-১৩ | টেন্ডার প্রক্রিয়া সম্পাদন ও গাছ বিক্রয় | ৬০ দিন | | | অফিস সহকারী, উপজেলা বন কর্মকর্তা, রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক ও বিভাগীয় বন কর্মকর্তা |
| ধাপ-১৪ | সংশ্লিষ্ট কাগজপত্রসহ লভ্যাংশ প্রাপ্তির জন্য উপকারভোগীর আবেদন | ১৫ দিন | ৩ বার | ৫০০ (জনপ্রতি) | উপকারভোগী |
| ধাপ-১৫ | আবেদনপত্র যাচাই বাছাই সহ লভ্যাংশ নির্ধারণ ও রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা অফিসে প্রেরণ | ১৫ দিন | | | উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-১৬ | আবেদনপত্র যাচাই বাছাই সহ রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা অফিস থেকে সহকারী বন সংরক্ষকের অফিসে প্রেরণ | ৭ দিন | | | রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ধাপ-১৭ থেকে ২৩ পর্যন্ত | বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রেরণ, ডকেট, নথি উপস্থাপন, নোট অনুমোদন, চেক প্রস্তুত ও স্বাক্ষরের জন্য উপস্থাপন, চেক স্বাক্ষর এবং অন-লাইনে চেক বিতরণ | ১৮ দিন | | | অফিস সহকারী ও সহকারী বন সংরক্ষক এবং বিভাগীয় বন কর্মকর্তা |

## (ঘ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ




## (ঙ) প্রস্তাবিত সেবা-পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | যাতায়াত | খরচ (টাকা) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|---|---|
| ধাপ-১ | উপকারভোগী নির্বাচনের জন্য প্রাক সভা | ১ দিন | ১ বার | ১০০ (জন প্রতি) | উপকারভোগী, উপজেলা বন কর্মকর্তা, স্থানীয় প্রতিনিধি |
| ধাপ-২ | উপকারভোগীর তথ্যাদি সংগ্রহপূর্বক তালিকা প্রণয়নের জন্য ডিজিটাল ডাটাবেজ তৈরি (নাম, ঠিকানা, এনআইডি, ছবি, ব্যাংক একাউন্ট, নমিনি, মোবাইল নং ও বিকল্প মোবাইল নং) | ২৫ দিন | | ৩০০ (জন প্রতি) | উপজেলা বন কর্মকর্তা, রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী বন সংরক্ষক |
| ধাপ-৩ | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে উপস্থাপনের প্রস্তুতি | ৫ দিন | | | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-৪ | সভায় অনুমোদন | ৫ দিন | | | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-৫ | বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রণীত চুক্তিনামা প্রেরণপূর্বক বিবক এর সাথে স্বাক্ষর এবং স্বাক্ষরিত চুক্তিনামা ডাটাবেজে আপলোড। | ২ দিন | ১ বার | ৬০০ (জন প্রতি) | বিভাগীয় বন কর্মকর্তা, উপকারভোগী এবং সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ধাপ-৬ | আবর্তকাল শেষে গাছ কর্তনের প্রস্তুতি | ২ দিন | | | বিভাগীয় বন কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা |

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ ঘন্টা/ মিনিট) | যাতায়াত | খরচ (টাকা) | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|---|---|
| ধাপ-৭ | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে অনুমোদন | ৫ দিন | | | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-৮ | জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে অনুমোদন | ৫ দিন | | | জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি |
| ধাপ-৯ | গাছ মার্কিং | ১০ দিন | ২ বার | ১০০০ (জন প্রতি) | উপকারভোগী ও উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-১০ | টেন্ডার প্রক্রিয়া সম্পাদন ও গাছ বিক্রয় | ৬০ দিন | | | অফিস সহকারী, উপজেলা বন কর্মকর্তা, রেঞ্জ কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সহকারী বন সংরক্ষক ও বিভাগীয় বন কর্মকর্তা |
| ধাপ-১১ | ডাটাবেজ অনুযায়ী লভ্যাংশ নির্ধারণ | ২ দিন | | | উপজেলা বন কর্মকর্তা |
| ধাপ-১২ থেকে ১৪ পর্যন্ত | চেক প্রস্তুত ও স্বাক্ষরের জন্য উপস্থাপন, চেক স্বাক্ষর এবং অন-লাইনে চেক বিতরণ | ৪ দিন | | | অফিস সহকারী এবং বিভাগীয় বন কর্মকর্তা |

## (চ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ



## (ছ) TCV (Time, Cost and Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ২৪০ দিন | ১২৬ দিন |
| খরচ | ৩৭০০ টাকা (জনপ্রতি) | ২০০০ (জনপ্রতি) টাকা |
| যাতায়াত | ২১ (জনপ্রতি) বার | ০৪ (জনপ্রতি) বার |
| ধাপ | ২৩টি | ১৪টি |
| সম্পৃক্ত জনবল | ২২ জন | ২২ জন |
| দাখিলীয় কাগজপত্র | * কর্তনকৃত বাগানের মূল চুক্তিনামা,<br>* জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি,<br>* পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,<br>* মৃত উপকারভোগীর মৃত্যু সনদ পত্রের সত্যায়িত কপি,<br>* মৃত উপকারভোগীর উত্তরাধিকার সনদ,<br>* মৃত উপকারভোগী (স্বামী ও স্ত্রী) এর ও উত্তরাধিকারগণের ক্ষমতা পত্র,<br>* চুক্তিনামায় নামের সহিত জাতীয় পরিচয় পত্রে নামের অমিল থাকলে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি (চেয়ারম্যান/কাউন্সিলর) কর্তৃক সত্যতা সনদ পত্র। | উপকারভোগীর তথ্যসম্বলিত ডিজিটাল ডাটাবেজ তৈরির জন্য -<br>* নাম ও ঠিকানা,<br>* জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি,<br>* পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,<br>* ব্যাংক একাউন্ট ও নমিনি,<br>* মোবাইল নং ও বিকল্প মোবাইল নং,<br>* কর্তনকৃত বাগানের মূল চুক্তিনামা। |

(জ) বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির সমস্যা ও সমাধান

| বিদ্যমান পদ্ধতিতে সমস্যা | প্রস্তাবিত পদ্ধতিতে সমাধান |
|---|---|
| ১. বিদ্যমান প্রসেসে উপকারভোগীর তথ্যসমূহ বার বার দিতে হয়। | ১. প্রস্তাবিত প্রসেসে তথ্যসমূহ একবারেই ডিজিটাল ডাটাবেজে অন্তর্ভূক্ত করা হবে বিধায় বারবার তথ্য দিতে হবে না। |
| ২. উপকারভোগীর ভোগান্তি হয়। | ২. এই প্রসেসে উপকারভোগীর কোন প্রকার ভোগান্তি হবে না |
| ৩. এই প্রসেসে উপকারভোগী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং অতিরিক্ত সময় ব্যয় হয়। | ৩. উপকারভোগীর অতিরিক্ত অর্থ ও সময় ব্যয় হবে না। |
| ৪. সেবা গ্রহীতা প্রতারিত হওয়ার সম্ভাবনা থাকে। | ৪. সেবা গ্রহীতা প্রতারিত হওয়ার সম্ভাবনা থাকবে না। |
| ৫. অনাকাঙ্খিত ব্যক্তির হস্তক্ষেপ ঘটে এবং যথোপযুক্ত ব্যক্তি লভ্যাংশ পায় না। | ৫. অনাকাঙ্খিত ব্যক্তির হস্তক্ষেপ ঘটবে না এবং উপযুক্ত ব্যক্তি লভ্যাংশ পাবে। |

**পুস্তিকাটি প্রণয়ন ও প্রকাশে অবদান রেখেছেন যারা ঃ**

১। মোঃ জাহিদুল কবির
উপ প্রধান বন সংরক্ষক, বন ব্যবস্থাপনা উইং

২। হোসাইন মুহাম্মদ নিশাদ
বন সংরক্ষক, প্রশাসন ও অর্থ। (ইনোভেশন অফিসার)

৩। ইমরান আহমেদ
বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, ঢাকা

৪। মোঃ আরিফুল হক বেলাল
সহকারী প্রধান বন সংরক্ষক, ব্যবস্থাপনা পরিকল্পনা ইউনিট

৫। মাহমুদা রোকসেনা সুলতানা
উপ বন সংরক্ষক, পরিকল্পনা উইং

৬। ড. মরিয়ম আক্তার
সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট

৭। মোঃ আবদুস সালেক প্রধান
সহকারী প্রধান বন সংরক্ষক, অর্থ, বাজেট ও সাধারণ নির্দেশনা ইউনিট

৮। হাফিজুর রহমান
গণসংযোগ কর্মকর্তা


[হটলাইন: +৮৮০১৭১৮৫২৪৯৫৫] ENGLISH login
আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।।
প্রাকৃতিক সৌন্দর্যের নৈস্বর্গিক লীলাভূমি বাংলাদেশের জীব-বৈচিত্রের জগতে আপনাকে স্বাগতম।
এই সাইটটি মূলত বাংলাদেশের বিভিন্ন বনাঞ্চলে অবস্থিত বিশ্রামাগার, কটেজ ও পিকনিক স্পট গুলোর অনলাইন বুকিং এর জন্য প্রনয়ন করা হয়েছে। সেই নিমিত্তে নিম্নের লিস্ট থেকে বন বিভাগ অনুযায়ী বনাঞ্চল (উদ্যান অথবা পার্ক) নির্বাচন করে বুকিং দেয়ার জন্য প্রবেশ করুন।
-- বন বিভাগ নির্বাচন করুন --
-- বনাঞ্চল নির্বাচন করুন --
প্রবেশ করুন
ভাওয়াল জাতীয় উদ্যানে আপনাকে স্বাগতম


সামাজিক বনায়ন
উপকারভোগীর তথ্য
উপকারভোগীর বিস্তারিত

